

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

নং-৪৬.০২০.০০৪.০০.০১.৮৫৮.২০১১- ৩০২

তারিখ: ২৪/১/১৮

বিষয়: রীট পিটিশন নং-১০১৫৫/২০১১ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়ের সংক্রান্ত।

সূত্র: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গত ২৫-১১-২০১৫খ্রিঃ তারিখের ২৩৮৮ সংখ্যক স্মারক।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদানের জন্য দায়েরকৃত বর্ণিত রীট পিটিশনে গত ০২-১০-২০১৩খ্রিঃ তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে প্রধান প্রকৌশলী, ডিপিএইচই এ বিভাগে আপীল দায়েরের প্রস্তাব প্রেরণ করেন। উক্ত প্রস্তাবে সরকার পক্ষে আপীল দায়েরের নিমিত্ত রায়ের সার্টিফাইড কপি, মামলার আর্জির কপি এবং মামলার আর্জির জবাব ও আনুসঙ্গিক কাগজপত্রাদি আইন-১ শাখার গত ১৩-০৪-২০১৫খ্রিঃ তারিখের ৫৯০ সংখ্যক স্মারকে বিজ্ঞ সলিসিটর বরাবরে প্রেরণ করা হয়। তৎপক্ষে সলিসিটর উইং-এর গত ১২-০৮-২০১৫খ্রিঃ তারিখের ১১৫৪নং পত্রে উল্লেখ করা হয়েছে রীট পিটিশন নং-১০১৫৫/২০১১ এর মাননীয় হাইকোর্টের দেয়া গত ০২-১০-২০১৩খ্রিঃ তারিখের রায় পর্যালোচনায় উক্ত রায় যথারীতি আইনানুগ ও সঠিক বলে প্রতীয়মান হওয়ায় আপীল দায়ের করলে ফললাভের সম্ভাবনা না থাকায় মাননীয় সুপ্রীম কোর্টে আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পত্রের অনুলিপি প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরাবরে প্রেরণ করা হয়।

০২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী/সমমানের ৫৫৩ জন কর্মকর্তার অনুমোদিত গ্রেডেশন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত ও উল্লিখিত কর্মকর্তাগণের মধ্যে বিশৃঙ্খলা রোধে বিয়োজিত মামলায় মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের গত ০২-১০-২০১৩খ্রিঃ তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে আইন অধিশাখাকে পুনরায় অনুরোধ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার প্রেক্ষিতে বর্ণিত রীট পিটিশনের রায়ের বিরুদ্ধে বিলম্বের কারণ উল্লেখপূর্বক সরকার পক্ষে আপীল দায়েরসহ মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণকরতঃ সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার রুল, আর্জি, রায়ের সার্টিফাইড কপি ও আনুসঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৪। বিষয়টি অতিব জরুরি

২৪.০১.১৮
(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৫

জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
- ০৪। উপসচিব (পাস-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৯। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।